গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, ধামরাই, ঢাকা।
www.youth.dhamrai.dhaka.gov.bd

# সেবা প্রদানের প্রতিশ্রুতি (CITIZEN CHARTER)

**যুবদের আত্মকর্মী হিসেবে গড়ে তুলতে যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা জেলাধীন ধামরাই উপজেলা কার্যালয় কর্তৃক কর্মপ্রত্যাশী বেকার যুবদের মুলতঃ উদ্বুদ্ধকরণ, প্রশিক্ষণ ও সহজ শর্তে ঋণ প্রদান করে থাকে। এ সংক্রান্ত সকল তথ্যাদি সহ আরো যে সকল সেবা প্রদান করা হয় তা নিম্নে উল্লেখ করা হলো।**

**১। প্রশিক্ষণ সংক্রান্ত সেবা সমূহ :**
যুব উন্নয়ন অধিদপ্তর সাধারণত ২ ধরনের প্রশিক্ষণ সেবা দিয়ে থাকে।
ক) প্রাতিষ্ঠানিক ট্রেডে প্রশিক্ষণ।
খ) অপ্রাতিষ্ঠানিক ট্রেডে প্রশিক্ষণ।
**প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ ট্রেড সমুহঃ**
**ট্রেডের নামঃ**
১। গবাদিপশু, হাঁস-মুরগী পালন উহাদের প্রাথমিক চিকিৎসা, মৎস্য চাষ ও কৃষি বিষয়ক প্রশিক্ষণ কোর্স।
মেয়াদ : ২ মাস ১৫ দিন।
প্রশিক্ষণ শুরুর সময়: জুলাই, অক্টোবর, জানুয়ারি ও এপ্রিল মাসের ১৫ তারিখ।
আসন সংখ্যা -৬০ জন (আবাসিক)।
শিক্ষাগত যোগ্যতা – ৮ম শ্রেণি পাশ।
কোর্স ফি -১০০ টাকা।
প্রতি মাসে প্রশিক্ষণার্থীদের ১২০০ টাকা ভাতা প্রদান করা হয়।
২। মডার্ণ অফিস ম্যানেজমেন্ট এন্ড কম্পিউটার এ্যাপ্লিকেশনঃ
মেয়াদ-৬ মাস।
প্রশিক্ষণ শুরুর সময় : জানুয়ারি ও জুলাই মাসের ১ তারিখ।
আসন সংখ্যা-৩০ জন। (অনাবাসিক)।
শিক্ষাগত যোগ্যতা -এইচ. এস. সি পাশ।
কোর্স ফি – ৫০০ টাকা।
দৈনিক ১০০/- ভাতা প্রদান করা হয়।
৩। পোষাক তৈরী
মেয়াদ – ৩ মাস
প্রশিক্ষণ শুরুর সময়- জুলাই, অক্টোবর, জানুয়ারি ও এপ্রিল মাসের ১ তারিখ।
আসন সংখ্যা- ৪০ জন। (অনাবাসিক )।
শিক্ষাগত যোগ্যতা – ৮ম শ্রেণি পাস।
কোর্স ফি – ৫০ টাকা।
দৈনিক ১০০/- ভাতা প্রদান করা হয়।
৪। ব্লক বাটিক ও স্ক্রীন প্রিন্টিং
মেয়াদ – ৪ মাস
প্রশিক্ষণ শুরুর সময়- জুলাই, নভেম্বর ও মার্চ মাসের ০১ তারিখ।
আসন সংখ্যা- ৪০ জন। (অনাবাসিক )।
শিক্ষাগত যোগ্যতা – ৮ম শ্রেণি পাশ।
কোর্স ফি – ৫০ টাকা।
দৈনিক ১০০/- ভাতা প্রদান করা হয়।
৫। মৎস্য চাষ।
মেয়াদ -১ মাস।
প্রশিক্ষণ শুরুর সময়– প্রতি মাসের ১ তারিখ।
আসন সংখ্যা – ২০ জন।
শিক্ষাগত যোগ্যতা – ৮ম শ্রেণি পাশ।
কোর্স ফি – ৫০ টাকা।
দৈনিক ১০০/- ভাতা প্রদান করা হয়।
৬। কম্পিউটার বেসিক এন্ড আইসিটি কোর্স।

মেয়াদ -৬ মাস ।
প্রশিক্ষণ শুরুর সময়– জানুয়ারি ও জুলাই মাসের ১ তারিখ।
আসন সংখ্যা – ৭০ জন।
শিক্ষাগত যোগ্যতা – এইচ. এস. সি পাশ।
কোর্স ফি – ১০০০ টাকা।
৭. কম্পিউটার গ্রাফিক্স কোর্স ।
মেয়াদ -৬ মাস ।
প্রশিক্ষণ শুরুর সময়– জানুয়ারি ও জুলাই মাসের ১ তারিখ।
আসন সংখ্যা – ৫০ জন।
শিক্ষাগত যোগ্যতা – এইচ. এস. সি পাশ।
কোর্স ফি – ২০০০ টাকা।
৮।রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং কোর্স ।
মেয়াদ -৬ মাস ।
প্রশিক্ষণ শুরুর সময় – প্রতি জানুয়ারি – জুলাই মাসের ১ তারিখ।
আসন সংখ্যা – ৩০ জন।
শিক্ষাগত যোগ্যতা – ৮ম শ্রেণি পাশ।
কোর্স ফি – ৩০০ টাকা।
৯।ইলেক্ট্রনিক্স প্রশিক্ষণ কোর্স ।
মেয়াদ -৬ মাস ।
প্রশিক্ষণ শুরুর সময় – প্রতি জানুয়ারি – জুলাই মাসের ১ তারিখ।
আসন সংখ্যা – ৩০ জন।
শিক্ষাগত যোগ্যতা – ৮ম শ্রেণি পাশ।
কোর্স ফি – ৩০০ টাকা।
১০। ইলেক্ট্রিক্যাল এন্ড হাউস ওয়্যারিং কোর্স ।
মেয়াদ -৬ মাস ।
প্রশিক্ষণ শুরুর সময় – প্রতি জানুয়ারি – জুলাই মাসের ১ তারিখ।
আসন সংখ্যা – ৩০ জন।
শিক্ষাগত যোগ্যতা – ৮ম শ্রেণি পাশ।
কোর্স ফি – ৩০০ টাকা

**কেন্দ্রসমূহের অবস্থান:**

পল্টন, সেগুনবাগিচা, যাত্রাবাড়ি, খিলগাঁও, গুপিবাগ, গেন্ডারিয়া, মোহাম্মদপুর ও মিরপুর

প্রশিক্ষণ সমূহে অংশ গ্রহণে আগ্রহী ঢাকা জেলার বেকার যুব বা যুব মহিলাগণ যোগাযোগ করুন-
উপ-পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
১২, গজনবী রোড
মোহাম্মদপুর (কলেজ গেইট), ঢাকা-১২০৭।
টেলিফোন: +৮৮০-২-৪৮১২২৭৪১ । E-mail: dddhaka@dyd.gov.bd
অথবা
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ধামরাই উপজেলা
উপজেলা পরিষদ পুরাতন ভবন (৩য় তলা)
ফোন- ০১৭১৫১২৫১৮৮
E-mail- dhamrai@dyd.gov.bd

**অপ্রাতিষ্ঠানিক ( ভ্রাম্যমান ) ট্রেড সমূহঃ**

ধামরাই উপজেলা যুব উন্নয়ন অফিসের অধীনে সরাসরি অপ্রাতিষ্ঠানিক বা ভ্রাম্যমান প্রশিক্ষণ দেয়া হয়। এলাকার শিক্ষা প্রতিষ্ঠান বা যুব সংগঠন / ক্লাবকে এ প্রশিক্ষণের ভেন্যু হিসেবে ব্যবহার করা হয়। প্রত্যন্ত এলাকায় গিয়ে এই প্রশিক্ষণ প্রদান করা হয় এ কারণে বেকার যুবদের এ প্রশিক্ষণ গ্রহণ খরচ ও সময় কম লাগে। অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ গ্রহণে বেকার যুবদের কোন প্রকার প্রশিক্ষণ ফি প্রদান করতে হয় না , বরং দৈনিক ১০০/- হারে ভাতা প্রদান করা হয়। যে সমস্ত ট্রেডে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান করা হয় তা নিম্নরূপঃ

পারিবারিক হাঁস মুরগি পালন
গরু মোটা-তাজা করন ।
গাভি পালন ।
বসত বাড়ীতে সব্জি চাষ ।
নার্সারি বনায়ন ।
ছাগল পালন ।
মৎস্য চাষ ।
পোষাক তৈরি ।
হাউসকিপিং এন্ড লন্ড্রি অপারেশনস।
ফুড এন্ড বেভারেজ সার্ভিস।
ওভেন সুইং মেশিন অপারেটিং।
টুরিস্ট গাইড।
বিউটিফিকেশন এন্ড হেয়ারকাটিং।
হস্তশিল্প (পাটজাত পণ্য তৈরী, নকশী কাঁথা, ফুল তৈরী)
এবং স্থানীয় চাহিদার ভিত্তিতে ট্রেড নির্ধারন করে প্রশিক্ষণ দেয়া হয়।

যোগাযোগের ঠিকানাঃ

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ধামরাই উপজেলা
উপজেলা পরিষদ পুরাতন ভবন (৩য় তলা)
ফোন- ০১৭১৫১২৫১৮৮
E-mail- dhamrai@dyd.gov.bd

**যুব ঋণ কর্মসূচি:**

যুব ঋণ কর্মসূচী দুই প্রকার যথাঃ
ক) একক ঋণ কর্মসূচীঃ শুধু যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ গ্রহনের পর লাভ জনক প্রকল্প গ্রহণকারীকে এ ঋণ প্রদান করা হয় । ব্যক্তি শ্রেণী ঋণ আবার দুই প্রকার ।
1) প্রাতিষ্ঠানিক : প্রাতিষ্ঠানিক ট্রেডে প্রশিক্ষণ গ্রহণকারীর অনুকূলে যে ঋণ প্রদান করা হয় এবং যার পরিমাণ সর্বোচ্চ ১,০০,০০০/- এক লক্ষ টাকা ।
2) অপ্রাতিষ্ঠানিক : অপ্রাতিষ্ঠানিক ট্রেডে প্রশিক্ষন গ্রহণকারি যুবদের প্রকল্পের কলেবর বৃদ্ধির জন্য সর্বোচ্চ ৭৫,০০০/- পচাত্তর হাজার টাকা পর্যন্ত এ শ্রেণীর আওতায় ঋণ প্রদান করা হয় ।
সফল ভাবে ঋণ পরিশোধকারিকে ২ বার ঋণ প্রদান করা হয় । ঋণের সার্ভিস চার্জের পরিমাণ ৫% ।

**পরিবার ভিত্তিক ঋণ কর্মসূচি:**

পরিবারভিত্তিক ঋণ কার্যক্রমের লক্ষ্য ও উদ্দেশ্য হলো পরিবারিক বন্ধনকে সুদৃঢ় করে বেকার দরিদ্র জনগোষ্ঠির আর্থ-সামাজিক উন্নয়নের জন্য দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে স্ব-কর্মসংস্থান সৃষ্টি । এ কর্মসূচির আওতায় পরিবারের ঐতিহ্যগত পেশাকে কাজে লাগিয়ে বেকারত্ব নিরসন ও পারিবারিক সম্প্রীতি ও সৌহার্দ্য সমুন্নত রেখে কার্যক্রম সম্প্রসারণ, জীবনযাপনের মান ধাপে ধাপে উন্নয়নকল্পে পরিবারে সঞ্চয় অভ্যাস গড়ে তোলা এবং নারীর ক্ষমতায়ন, শিক্ষা, স্বাস্থ্য-পরিচর্যা, পরিস্কার পরিচ্ছন্নতা এবং পরিবেশ উন্নয়নে জনগোষ্ঠিকে উদ্বুদ্ধ করা হয়। পরিবারভিত্তিক ঋণ কার্যক্রমের আওতায় একই পরিবারের অথবা নিকট আত্মীয় বা প্রতিবেশী পরিবারের পরস্পরের প্রতি আস্থাভাজনদের নিয়ে ৫ সদস্যের গ্রুপ গঠন করা হয়। একই গ্রামের স্থায়ী নিবাসী এরূপ ৭ থেকে ১০টি গ্রুপ নিয়ে একটি কেন্দ্র গঠিত হয়। কেন্দ্রের প্রত্যেক সদস্যকে ১ম ও ২য় দফায় যথাক্রমে সর্বোচ্চ ৩০,০০০- ও ৪০,০০০/- টাকা হারে ঋণ প্রদান করা হয়। গ্রেস পিরিয়ড অর্থাৎ ঋণ পরিশোধের প্রস্তুতি সময় অতিক্রম করার পর সাপ্তাহিক কিস্তিতে ঋণের অর্থ আদায় করা হয়। মূলধন পাওনার উপর ৫% (ক্রমহ্রাসমান) সার্ভিস চার্জ আদায় করা হয়। এখানে সাপ্তাহিক কিস্তিতে পরিশোধিত আসলের উপর পরবর্তীতে আর কোন সার্ভিস চার্জ আদায় করা হয় না বিধায় মেয়াদ শেষে গড় সার্ভিস চার্জের হার প্রকৃত হিসেবে ২.৫% দাঁড়ায়। যাঁরা সময়মত সাপ্তাহিক কিস্তি পরিশোধ করেন তারাই সার্ভিস চার্জের ক্ষেত্রে বর্ণিত ২.৫% এর সুযোগ পেয়ে থাকেন। এ ঋণ প্রাপ্তির জন্যে কোন প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের প্রয়োজন হয় না। তবে মনোনীত সদস্যদের ৫দিনব্যাপী আর্থ-সামাজিক উন্নয়ন ও ঋণ ব্যবস্থাপনা পদ্ধতির উপর গ্রাম পর্যায়ে কেন্দ্রভিত্তিক ওরিয়েন্টেশনের ব্যবস্থা করা হয়।

যোগাযোগের ঠিকানা :
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ধামরাই উপজেলা
উপজেলা পরিষদ পুরাতন ভবন (৩য় তলা)
ফোন- ০১৭১৫১২৫১৮৮
E-mail- dhamrai@dyd.gov.bd

**যুব সংগঠন রেজিষ্ট্রেশন**

বেসরকারী স্বেচ্ছাসেবী যুব সংগঠন সমূহকে বিভিন্ন কর্মসূচির মাধ্যমে দেশের আর্থসামাজিক উন্নয়নে সম্পৃক্তকরণের দায়িত্ব যুব উন্নয়ন অধিদপ্তর পালন করে থাকে। যুব উন্নয়ন অধিদপ্তরের উন্নয়ন সহযোগী হিসেবে যুব সংগঠন তালিকাভূক্তি করে।

যোগাযোগের ঠিকানা :
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ধামরাই উপজেলা
উপজেলা পরিষদ পুরাতন ভবন (৩য় তলা)
ফোন- ০১৭১৫১২৫১৮৮
E-mail- dhamrai@dyd.gov.bd

**যুব সংগঠনকে অনুদান প্রদানঃ**

যুব সংগঠন সমূহকে দেশ গঠন মূলক কর্মসূচি বাস্তবায়নের জন্য আর্থিক সহায়তা প্রদানের নিমিত্ত যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক যুব কল্যাণ তহাবিল হতে প্রতি বছর অনুদান প্রদান করা হয় । তা ছাড়া কর্মসূচি সুষ্ঠভাবে বাস্তবায়নের জন্য সংগঠন সমূহকে অনুন্নয়ন খাত থেকেও অনুদান দেয়া হয়।

যোগাযোগের ঠিকানা :
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ধামরাই উপজেলা
উপজেলা পরিষদ পুরাতন ভবন (৩য় তলা)
ফোন- ০১৭১৫১২৫১৮৮
E-mail- dhamrai@dyd.gov.bd

**জাতীয় যুব পুরস্কার-**

যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণ গ্রহন পূর্বক আত্মকর্মসংস্থানে সফলতা অর্জন করে দৃষ্টান্ত স্থাপন করেছে এবং যাদের সমাজে ইতিবাচক পরিবর্তনে ভূমিকা আছে সে সকল যুব /যুব মহিলা প্রকল্প গ্রহণকারীকে জাতীয় যুব পুরস্কার প্রদান করা হয় । তা ছাড়া যুব সংগঠক যারা যুব উন্নয়ন কর্মকান্ডে অনন্য অবদান রাখে তাদের মধ্য থেকে জাতীয় যুব পুরস্কার প্রদান করা হয়।

যোগাযোগের ঠিকানা :
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ধামরাই উপজেলা
উপজেলা পরিষদ পুরাতন ভবন (৩য় তলা)
ফোন- ০১৭১৫১২৫১৮৮
E-mail- dhamrai@dyd.gov.bd

**তথ্য প্রদান-**

যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সকল প্রকার সেবা কর্মকান্ডের তথ্য প্রদান করা হয়ে থাকে।
যোগাযোগের ঠিকানা :
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ধামরাই উপজেলা
উপজেলা পরিষদ পুরাতন ভবন (৩য় তলা)
ফোন- ০১৭১৫১২৫১৮৮
E-mail- dhamrai@dyd.gov.bd

**বিভিন্ন অনিয়ম বিষয়ে অভিযোগঃ**

সুনির্দিষ্ট অভিযোগ দাখিল করা যাবে-

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ধামরাই উপজেলা
উপজেলা পরিষদ পুরাতন ভবন (৩য় তলা)
ফোন- ০১৭১৫১২৫১৮৮
E-mail- dhamrai@dyd.gov.bd
অথবা
উপ-পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
১২, গজনবী রোড
মোহাম্মদপুর (কলেজ গেইট), ঢাকা-১২১৭
E-mail- dddhaka@dyd.gov.bd